তারিখ ...7 JUN 2017
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

দৈনিক
ইত্তেফাক

# একনেকে ৩ হাজার ৭২৩ কোটি টাকা ব্যয়সাপেক্ষ ১১ প্রকল্প অনুমোদন

## বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন, সিলেট ফরিদপুরে টেক্সটাইল ইন্সটিটিউট

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা এবং চট্টগ্রাম সিটি করপোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নসহ ১১ প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩ হাজার ৭২৩ কোটি ৬ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৩ হাজার ৬০৩ কোটি ৬৭ লাখ টাকা, বৈদেশিক সহায়তা থেকে ৯৬ কোটি ৮৯ লাখ এবং বাস্তবায়নকারী সংস্থা থেকে পাওয়া যাবে ২২ কোটি ৫০ লাখ টাকা। গতকাল মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়।

সভাশেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল প্রকল্প সম্পর্কে সাংবাদিকদের অবহিত করেন। বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন প্রকল্পের মাধ্যমে ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ ও চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকায় বর্জ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিকরণ, বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়নের মাধমে ঢাকা ও চট্টগ্রাম শহরের পরিবেশে কার্বন নির্গমন হ্রাসকরণ, ঢাকা ও চট্টগ্রাম নগরীর স্যানিটারি অবস্থার উন্নয়ন করা হবে।

একনেক বৈঠকে জানানো হয়েছে, জাইকার জরিপ প্রতিবেদন অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় দৈনিক উৎপাদিত কঠিন বর্জ্যের পরিমাণ ৩ হাজার টন এবং সংগ্রহের পরিমাণ মাত্র ১ হাজার ৯৯১ টন (৬৬%), ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায় দৈনিক উৎপাদিত বর্জ্য ২ হাজার ১শ টন এবং সংগ্রহের পরিমাণ ১ হাজার ৩৫৬ টন (৬৫%) এবং চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকায় দৈনিক উৎপাদিত বর্জ্যের পরিমাণ ১৬শ টন এবং সংগ্রহের পরিমাণ ১২শ টন (৭৫%) বর্তমানে কঠিন বর্জ্য সংগ্রহের জন্য ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ২শটি, ঢাকা উত্তর সিটি করপোরেশন ১৩৯টি এবং চট্টগ্রাম সিটি করপোরেশন ৭৯টি যান পরিচালনা করে, যার বেশিরভাগই পুরনো এবং কম কার্যক্ষমতাসম্পন্ন। এ প্রকল্পের মাধ্যমে বর্জ্য সংগ্রহের জন্য বিভিন্ন ধরনের ট্রাক, কন্টেইনার বক্স সংগ্রহ করা হবে। সেই সঙ্গে বিভিন্ন যন্ত্রপাতি স্থাপনের জন্য ড্রেনসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করা হবে। মন্ত্রী জানান, এই প্রকল্পে জাপান সরকার ৯৬ কোটি ৮৯ লাখ টাকা অনুদান সহায়তা দেবে।

গতকাল একনেক সভায় অনুমোদিত অন্যান্য প্রকল্প হলো ১ হাজার ৬৯০ কোটি টাকা ব্যয়ে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্রাজুয়েট কলেজসমূহের উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত), ৯৭ কোটি ৫৬ লাখ টাকা ব্যয়ে ফরিদপুর টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, ৯৫ কোটি ৬৬ লাখ টাকা ব্যয়ে সিলেট টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, ৮১ কোটি ১৫ লাখ টাকা ব্যয়ে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ৭৬ কোটি ৯১ লাখ টাকা ব্যয়ে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন প্রকল্প, ৫৮ কোটি ৩৯ লাখ টাকা ব্যয়ে শ্রম পরিদপ্তর অধীনস্থ ৬টি অফিস পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ প্রকল্প, ৬১২ কোটি টাকা ব্যয়ে অন্তর্বর্তীকালীন পানি সরবরাহ প্রকল্প (১ম সংশোধিত), ৫২১ কোটি টাকা ব্যয়ে গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন) প্রকল্প, ২৫১ কোটি টাকা ব্যয়ে খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত), ৭৮ কোটি ৪৩ লাখ টাকা ব্যয়ে কেরানীগঞ্জে বিউবোর নিজস্ব জমির উন্নয়ন ও সীমানা দেয়াল নির্মাণ প্রকল্প।